**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিল্প মন্ত্রণালয়**
**এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা**
**৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।**
www.moind.gov.bd

**শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির**
**ফেব্রুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২৮/০২/২০২২
সময় : বেলা ১১.৩০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৪/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | সভায় জানানো হয় যে, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত আছে। | শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ২ | শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন হয়েছে এবং অগ্রগতির প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে গত ১৩/১/২২ তারিখ প্রেরণ করা হয়েছে। | শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিকে শতভাগ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ৩ | সভায় অবহিত করা হয় যে, এ বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের অর্ধবার্ষিক ই-ফাইলের বাস্তবায়ন অর্জন ৭৭.৬৭%। | দাপ্তরিক কার্যক্রমে ই-ফাইলে বাস্তবায়ন অগ্রগতি ৯০% উন্নীত করতে হবে। এ বিষয়ে অনুবিভাগ প্রধানগণ প্রয়োজনীয় মনিটর করবেন। যে সকল শাখা/অধিশাখায় ই-ফাইলিং অর্জন সন্তোষজনক নয় সে সকল শাখা/অধিশাখাকে ৩য় ত্রৈমাসিকের মধ্যে ই-ফাইলিং-এ অর্জন | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)। |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | সন্তোষজন পর্যায়ে উন্নীত করতে আইসিটি অধিশাখা হতে পত্রের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | |
| ৪ | সভাকে অবহিত করা হয় যে, এ পর্যন্ত ১২ টি দপ্তর/সংস্থায় সর্বমোট ৮০০ জন প্রশিক্ষণার্থীকে আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে ব্যবহার হচ্ছে। তাছাড়া দপ্তর/সংস্থায় এ বিষয়ে প্রশিক্ষণ চলমান আছে। | প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে প্রয়োগ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |
| ৫ | সভাকে অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রম নীতিমালা ২০২১ অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন করা হবে। শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি নিয়ে সভায় আলোচনা করা হয়। | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান যথাসময়ে বাস্তবায়ন করতে হবে এবং এ মাসেই কার্যক্রম শুরু করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ৬ | (ক) সভায় জানানো হয় যে, ক. এ বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অবহিত করা হয়েছে। প্রতিমাসে অনুবিভাগ সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। | ক. প্রতিমাসে অনুবিভাগ পর্যায়ের সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |
| | খ. লক্ষ্যমাত্রা অনুযায়ী আইএপি'র কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। আইএপি'র কার্যক্রম প্রতি ৩ মাস অন্তর মনিটরিং করতে হবে। মন্ত্রণালয়ের আইএপি'র কার্যক্রম বাস্তবায়ন ডিসেম্বর/ ২১ পর্যন্ত ৫৫%। | খ. লক্ষ্যমাত্রা অনুযায়ী মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার আইএপি'র কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। আইএপি'র কার্যক্রম প্রতি ৩ মাস অন্তর মনিটরিং করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |
| ৭ | সভায় অবহিত করা হয় যে, দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সকল সাফল্য ও অন্তরায় রয়েছে তা উপস্থাপন করা হল এবং ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংযুক্তিতে উপস্থাপন করা (NIS work plan 21-22)। দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সকল সাফল্য ও অন্তরায় নিয়ে আলোচনা করা হয়। | ক. দপ্তর/সংস্থায় উদ্ভাবিত ও অনুসৃত বিভিন্ন কর্মপদ্ধতি/উত্তমচর্চা এবং শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সকল অন্তরায় রয়েছে তা দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ. যে সকল দপ্তর/সংস্থা হতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে সাফল্য ও অন্তরায় এখনো পাওয়া যায়নি সে সকল দপ্তর/সংস্থা দ্রুত | উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা)। |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | তা উল্লেখপূর্বক প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে। | |

০৩. অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৩/০৩/২০২২

জাকিয়া সুলতানা
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়।